

প্রকাশ : ১৮ জানুয়ারি, ২০১৭ ১৫:২৫
আপডেট : ১৮ জানুয়ারি, ২০১৭ ১৭:০৯

অনলাইন
ভার্সন

Share

প্রিন্ট করুন 

ফুটপাতে মটরসাইকেল ওঠালে পুলিশে দিন

| অনলাইন ডেস্ক



ফাইল ছবি

ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক বলেছেন, কেউ ফুটপাতে মটরসাইকেল তুলে দিলে তাকে ধরে পুলিশে দিন। এমনকি অনেক প্রাইভেটকার ফুটপাতে চাকা তুলে দেয়। তাদেরকেও পুলিশে দিন।

রাজধানীর বিএএফ শাহীন কলেজে আয়োজিত 'গ্রিন ঢাকা ক্যাম্পেইন' অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

মেয়র বলেন, আগামী এক বছরের মধ্যেই উত্তরের ফুটপাত এমনভাবে গড়া হবে যেন, অন্ধজনেও সহজে চলতে পারেন। এক্ষেত্রে নাগরিকদের সহযোগিতা চান মেয়র।

তিনি বলেন, আমরা প্রতিশ্রুতি দেই বাসযোগ্য শহর গড়ে তোলার। কিন্তু ঢাকা উত্তরে প্রতি বর্গ কিলোমিটারে ১ লাখ ২৮ হাজার লোক বাস করেন। প্রতিনিয়ত এ শহরে মানুষ আসছেন। দখল হচ্ছে ফুটপাত। রাস্তায় বসছে হকার।

আনিসুক হক বলেন, খুব কষ্ট লাগে যখন হকার উচ্ছেদ করি। কিন্তু একটি পরিচ্ছন্ন বাসযোগ্য শহর গড়তে, রাস্তা বড় করতে কষ্টের কাজটিই করতে হয়।

তিনি আরো বলেন, ১০ জন সেরা ডাক্তার দিয়ে জরিপ করেছি। ঢাকার পরিবেশ এতো দূষিত যে, ২৫ শতাংশ শিশু এবং ৫০ শতাংশ মানুষের ফুসফুস আক্রান্ত। তাই বেশিবেশি গাছ লাগাতে হবে। আপনারা সবাই বাড়িতেই গাছ লাগান। চারার জন্য চিন্তা করতে হবে না। শুধু ইচ্ছাটা করুন। চারা পৌঁছে যাবে।

বিএএফ শাহীন কলেজের অধ্যক্ষ গ্রুপ ক্যাপ্টেন এএইচএম আমিরুল আহসান সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে আরএফএল গ্রুপের ম্যানেজিং ডিরেক্টর আরএন পাল, আমরা নেটওয়ার্ক লিমিটেডের হেড অব মার্কেটিং মুহাম্মদ সোলাইমান, সবুজ ঢাকার উপদেষ্টা প্রীতি চক্রবর্তী, সবুজ ঢাকার চেয়ারম্যান রুপাই ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

এরপর মেয়র নিজ হাতে চারা রোপন ছাড়াও বিএএফ শাহীন কলেজের শিক্ষার্থীদের মধ্যে ৪ হাজার গাছের চারা বিতরণ করেন।

বিডি-প্রতিদিন/এস আহমেদ